

ইন্সটাফরেক্স এর অর্থ পাচার বিরোধী নীতি

ইন্সটাফরেক্স আর্থিক অপরাধ ঠেকাতে কঠোর ভাবে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের প্রধান অগ্রাধিকার হল ঝুঁকির উপর জোর দৃষ্টি রাখা, বিধান লঙ্ঘন প্রতিরোধ করা এবং আর্থিক অপরাধের সাথে জড়িত গ্রাহক বা লেনদেনের ক্ষেত্রে সহায়তা না করা।

অর্থ পাচারের বিরুদ্ধে আইনসমূহ

অর্থ পাচার প্রতিরোধ করার জন্য, অর্থ লেন-দেনকারী সংস্থাগুলি অর্থ পাচার বিরোধী আইন মেনে চলতে বাধ্য, গ্রাহকদের পরিচয় যাচাই করতে এবং অর্থ পাচার প্রতিরোধে কাজ করা সরকারি এবং আর্থিক সংস্থাগুলিকে সহায়তা করতে বাধ্য। ইন্সটাফরেক্স অর্থ পাচার ঠেকাতে এবং সন্ত্রাস-বাদী কার্যক্রমে অর্থায়নের বিরুদ্ধে আইন মেনে চলার জন্য প্রয়োজনীয় সবকিছু করে থাকে।

গ্রাহকের পরিচয় যাচাইকরণ পদ্ধতি

এই পদ্ধতিটি বিভিন্ন ধরনের অ-বানিজ্যিক কার্যক্রমের সময়, আমাদের বিশেষজ্ঞদের দ্বারা পর্যবেক্ষণ এবং গ্রাহক যাচাই সংক্রান্ত আইন মেনে চলার অংশ হিসেবে সম্পাদিত হয়। আমাদের গ্রাহকদের শনাক্ত করতে, ইন্সটাফরেক্স আপনার কাছে ব্যক্তিগত তথ্য চাইতে পারে এবং আমাদের বিশেষজ্ঞদের দ্বারা তৈরি একটি যাচাইকরণ ব্যবস্থা ব্যবহার করে এই তথ্যের যথার্থতা নিশ্চিত করার জন্য পদক্ষেপ নিতে পারে। এই প্রক্রিয়াটি সম্পন্ন করতে কয়েক কর্মদিবস সময় লাগতে পারে।

প্রতিষ্ঠান যে কোনো গ্রাহকের আর্থিক লেন-দেন স্থগিত করার অধিকার সংরক্ষণ করে, যদি তা অর্থ পাচারের সাথে সম্পর্কিত বা বেআইনি হিসাবে বিবেচিত হয়।

আর্থিক লেন-দেনের জন্য প্রয়োজনীয় তথ্য

অর্থ স্থানান্তরের ক্ষেত্রে, যে অর্থপ্রদান ব্যবস্থার মাধ্যমে এটি গৃহীত হয়েছিল, সেই একই ব্যবস্থার মাধ্যমে অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলন করা যেতে পারে। অর্থ জমাদান এর ক্ষেত্রে, প্রেরকের নাম অবশ্যই আমাদের রেকর্ডে থাকা গ্রাহকের নামের সাথে হুবহু মিলতে হবে। অর্থ উত্তোলনের ক্ষেত্রেও একই নীতি মেনে চলা হবে। যদি ওয়্যার ট্রান্সফারের মাধ্যমে অর্থ জমা করা হয়, তবে সেই ব্যাংকের অ্যাকাউন্ট থেকে অর্থ এসেছে, শুধুমাত্র সেই অ্যাকাউন্ট থেকে ওয়্যার ট্রান্সফারের মাধ্যমে উত্তোলন করা যাবে। যদি ইলেকট্রনিক কারেন্সি ট্রান্সফারের মাধ্যমে অর্থ জমা করা হয়, তবে যে সিস্টেমের মাধ্যমে এবং যে অ্যাকাউন্ট থেকে জমা করা হয়েছে, শুধুমাত্র ঐ অ্যাকাউন্টে ইলেকট্রনিক কারেন্সি ট্রান্সফারের মাধ্যমে উত্তোলন করা যাবে।

কর্মচারী প্রশিক্ষণ

আমাদের সকল দায়িত্বরত কর্মচারী এএমএল প্রশিক্ষণ সম্পূর্ণ করা সহ, বছর ব্যাপী বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করে।

আপনার যদি কোন জিজ্ঞাসা থাকে, অনুগ্রহ করে ই-মেইলের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন:

compliance@c.instaforex.com